

পশ্চিমবঙ্গ সরকার  
সহ-মৎস্য অধিকর্তার করণ  
মীগভবন, সারদা দেবী রোড, কোচবিহার।

স্মারক সংখ্যা : ৯৪৮/এ.ডি.এম-৩

তারিখ: ০৩/১১/২০১৭.

জলাশয়ের ইজারা বন্দোবস্ত সংক্রান্ত বিজ্ঞপ্তি

পশ্চিমবঙ্গ সরকারের ভূমি সংস্কার ম্যানুয়াল ১৯৯১ এর ১৭নং পরিচ্ছদের ২৭২ নং বিধি অনুযায়ী সংযোজিত তালিকায় উল্লিখিত ২০ একর পর্যন্ত জলকরগুলি বাংলা ১৪২৪ সনের ১লা বৈশাখ হইতে ১৪২৮ সনের ৩১শে চৈত্র পর্যন্ত ৫(পাঁচ) বছরের জন্য এবং ২০ একরের উর্দ্ধে জলকরগুলি ১৪২৪ সনের ১লা বৈশাখ হইতে ১৪৩০ সনের ৩১শে চৈত্র পর্যন্ত ৭(সাত) বছরের জন্য নিম্নলিখিত শর্তে নিম্নলিখিত জলাগুলি ইজারা বন্দোবস্ত দেওয়া হইবে।

- (১) ধরলা নদীর ছড়া/ কাউরাই বিল - ইজারা লইতে ইচ্ছুক কার্যকরী মৎস্যজীবী সমবায় সমিতি/ মৎস্য উৎপাদক গোষ্ঠী/ স্বনির্ভর গোষ্ঠী কেবল মাত্র দরপত্র জমা দিতে পারবেন।
- (২) অন্যান্য জলা যার তালিকা সংযুক্ত করা হয়েছে - ইজারা লইতে ইচ্ছুক কার্যকরী মৎস্যজীবী সমবায় সমিতি/ মৎস্য উৎপাদক গোষ্ঠী/ স্বনির্ভর গোষ্ঠী/ মৎস্যজীবী/প্রতিষ্ঠান দরপত্র জমা দিতে পারবেন।


দরপত্র জমা নেওয়া হবে মুখবন্ধ খামে ইং ০৬/১১/২০১৭ হইতে ২০/১১/২০১৭ ইং তারিখ, বেলা ১২টা থেকে ৩টা পর্যন্ত।

ইং তারিখ ২০/১১/২০১৭ দরপত্র বিকাল ৩.১৫ ঘটিকায় সমস্ত আবেদনকারীর উপস্থিতিতে খোলা হইবে।

দরপত্র জমা দেবার শর্তাবলী :

- ১) দরপত্রে দরপত্র দাখিলকারি সমবায় সমিতি/ গোষ্ঠী/ মৎস্যজীবী/ প্রতিষ্ঠান -এর সম্পাদকের স্বাক্ষর ও সিলমোহর লাগাতে হবে ও রেজিস্ট্রেশন নম্বর, ঠিকানা স্পষ্ট ও সম্পূর্ণ ভাবে লিখতে হবে।
- ২) দরপত্র মুখবন্ধ খামের উপর শিলমোহর বা ঠিকানা লিখতে হবে এবং কোন জলকরের জন্য দরপত্র দেওয়া হচ্ছে তার উল্লেখ করতে হবে। উক্ত জলাশয়ের সংরক্ষিত/ ন্যূনতম ইজারা মূল্যের নিম্নে কোনো দরপত্র গ্রাহ্য হইবে না।
- ৩) মুখবন্ধ অবস্থায় দরপত্র সহ-মৎস্য অধিকর্তা, কোচবিহার অধিকারিকের করণে জমা দিতে হইবে, নির্ধারিত দিনে দরপত্র প্রদানকারীদের উপস্থিতিতে দরপত্র নিয়মানুযায়ী বিবেচনা করে উপযুক্ত দরপত্র প্রদানকারীর পক্ষে মেয়াদী বন্দোবস্ত করা করা হইবে। তাই দরপত্র খোলার দিন ও সময়ে সমস্ত আবেদনকারীকে অবশ্যই সহ মৎস্য অধিকর্তার করণে উপস্থিত থাকার অনুরোধ করা হচ্ছে।
- ৪) দরপত্র বিবেচনার তারিখ ইংরাজী ২০/১১/২০১৭। স্থান: সহ-মৎস্য অধিকর্তার করণ, কোচবিহার সময়: বিকাল ৩.১৫ ঘটিকা।
- ৫) দরপত্র দেওয়া জলার পূর্বের কোন বকেয়া খাকিলে উক্ত টাকা পরিশোধ না করা পর্যন্ত কোন প্রকার জলা বন্দোবস্ত করা হইবে না এবং বর্তমান দরপত্র বাতিল হইবে। সে ক্ষেত্রে উক্ত জলা অন্যত্র বন্দোবস্ত করার জন্য ব্যবস্থা গ্রহণ করা হইবে।
- ৬) প্রথম বর্ষের ইজারা মূল্যের ২৫% অর্থ দরপত্র গৃহীত হওয়ার সময়েই প্রদান করিতে হইবে এবং বাকি ৭৫% অর্থ পরবর্তী তিন মাসের মধ্যে জমা করিতে হইবে। অন্যথায় জমা করা অর্থ বাজেয়াপ্ত হইবে এবং জলা অন্যত্র বন্দোবস্ত করা হইবে। পরবর্তী বছরের ইজারা মূল্য বছর শুরুর পূর্বে জমা করিতে হইবে।
- ৭) দ্বিতীয় বৎসর হইতে ইজারা মূল্য পূর্ববর্তী বৎসর অপেক্ষা ৫% হারে বৃদ্ধি পাইবে।
- ৮) কোন কারণ না দর্শাইয়া কর্তৃপক্ষ যে কোন দরপত্র বা সমস্ত দর পত্র বাতিল করিবার ক্ষমতা রাখিবে।
- ৯) বন্দোবস্ত গ্রহনকারীকে চুক্তি পত্রের শর্তাবলী ও ইজারা কালের মধ্যে কর্তৃপক্ষ নূতন কোন শর্ত আরোপিত করিলে তাহা মানিয়া চলিতে হইবে।

সংযোজন: ইজারা দেওয়ার জন্য জলাশয়ের তালিকা।


  
সহ-মৎস্য অধিকর্তা, কোচবিহার।

তারিখ: ০৩/১১/২০১৭.

স্মারকসংখ্যা: ৯৪৮/১(৪৮)/এ.ডি.এম-৩

পত্রের প্রতিলিপি অবগতি ও প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল :-

- ১) মাননীয়, সভাপতি, কোচবিহার জেলা পরিষদ, কোচবিহার।
- ২) মাননীয়, জেলা শাসক, কোচবিহার।
- ৩) মাননীয়, অতিরিক্ত জেলা শাসক এবং জেলা ভূমি ও ভূমি সংস্কার অধিকারিক, কোচবিহার।
- ৪) মাননীয়, উপ মৎস্য অধিকর্তা, উত্তরাঞ্চল, শিলিগুড়ি।
- ৫-৯) মাননীয়, মহকুমা শাসক, সদর কোচবিহার/ দিনহাটা/ তুফানগঞ্জ/ মাথাভাঙ্গা/ মেখলিগঞ্জ মহকুমা, জেলা- কোচবিহার।
- ১০) মাননীয়, অ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রার অফ কো-অপারেটিভ সোসাইটিস কোচবিহার।
- ১১-২২) মাননীয়, সভাপতি, কোচবিহার-১/ কোচবিহার-২/ দিনহাটা-১/ দিনহাটা-২/ তুফানগঞ্জ-১/ তুফানগঞ্জ-২/মাথাভাঙ্গা-১/ মাথাভাঙ্গা-২/ সিতাই/ শিতলখুচি/ হলদিবাড়ী/ মেখলিগঞ্জ পঞ্চায়েত সমিতি, কোচবিহার।
- ২৩-৩৪) মাননীয়, সমষ্টি উন্নয়ন আধিকারিক, কোচবিহার-১/ কোচবিহার-২/ দিনহাটা-১/ দিনহাটা-২/ তুফানগঞ্জ-১/ তুফানগঞ্জ-২/ মাথাভাঙ্গা-১/ মাথাভাঙ্গা-২/ সিতাই/ শিতলখুচি/ হলদিবাড়ী/ মেখলিগঞ্জ উন্নয়ন ব্লক, কোচবিহার।
- ৩৫) মাননীয়, জেলা তথ্য অধিকারিক, এন.আই.সি, কোচবিহার। বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশের জন্য আপনাকে অনুরোধ করা হইতেছে।
- ৩৬-৪৭) মৎস্য সম্প্রসারণ আধিকারিক, কোচবিহার-১/ কোচবিহার-২/ দিনহাটা-১/ দিনহাটা-২/ তুফানগঞ্জ-১/ তুফানগঞ্জ-২/ মাথাভাঙ্গা-১/ মাথাভাঙ্গা-২/ সিতাই/ শিতলখুচি/ হলদিবাড়ী/ মেখলিগঞ্জ উন্নয়ন ব্লক, কোচবিহার।
- ৪৮) অফিস নোটিশ বোর্ড।

  
সহ-মৎস্য অধিকর্তা, কোচবিহার।

সংযোজন: স্মারক সংখ্যা : ৯৪৮ তারিখ: ০৩/১১/২০১৭.

ইজারা দেওয়ার জন্য মৎস্য দপ্তরের তালিকাভুক্ত জলাশয়

ক্রমিক সংখ্যা	জলাশয়ের নাম	ব্লক	ইজারার সময় (বাংলা সন)	মাছ চাষযোগ্য গড় জলার আয়তন (একর)	সংরক্ষিত মূল্য (টাকা)
০১)	ধরলা নদীরছড়া / কাউরাই বিল	দিনহাটা-১	১৪২৪-৩০	৩৫.০০	১২৭৩৩৯
০২)	প্রিয়গঞ্জ দিঘী	কুচবিহার-২	১৪২৪-২৮	১.৯৭	২৫৪৬৮
০৩)	ঘুনঘুনডাঙ্গা বিল	তুফানগঞ্জ-১	১৪২৪-২৮	৭.০০	৩৮৪৩৩
০৪)	বালাকুঠী ফিস সিডফার্ম	তুফানগঞ্জ-২	১৪২৪-২৮	১.৬৮	১৯৪৩৭

  
সহ-মৎস্য অধিকর্তা, কোচবিহার।